গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহা পরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর

এবং

সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই ২০১৫ – ৩০ জুন ২০১৬

# সূচিপত্র

প্রাণিসম্পদ অধিদপ্তরের কর্মসম্পাদনের সংক্ষিপ্ত চিত্র ----------------------------------------------------------------------৩

উপক্রমনিকা -----------------------------------------------------------------------------------------------------------------৪

সেকশন ১: প্রাণিসম্পদ অধিদপ্তরের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি------৫

সেকশন ২: প্রাণিসম্পদ অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)---------------------৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ--------------------------------৭

**সংযোজনী ১:** শব্দসংক্ষেপ (Acronyms)---------------------------------------------------------------------------১১

**সংযোজনী ২:** কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি---------------------------------১২

## প্রাণিসম্পদ অধিদপ্তরের কর্মসম্পাদনের সংক্ষিপ্ত চিত্র
## (Overview of the Performance of the Department)

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

প্রাণিসম্পদ অধিদপ্তর দেশের প্রাণিজ আমিষের চাহিদা পুরণের লক্ষ্যে গবাদিপশু, হাঁসমুরগি ও দুগ্ধ উৎপাদন বৃদ্ধিসহ সংরক্ষণ, রোগ নিয়ন্ত্রণ ও জাত উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। জাতীয় জিডিপিতে প্রাণিসম্পদ খাতের অবদান ১.৭৮% এবং প্রবৃদ্ধির হার ২.৮৩% (বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা, ২০১৪)। ২০১৪-১৫ অর্থ বছরে প্রাণিসম্পদ খাতে উৎপাদিত কাঁচা ও প্রক্রিয়াজাত পণ্য রপ্তানি আয় ছিল প্রায় ৪৩১৭.৮৬ কোটি টাকা (ইপিবি, ২০১৪-১৫)। জনসংখ্যার প্রায় ২০% প্রত্যক্ষ এবং ৫০% পরোক্ষভাবে প্রাণিসম্পদ খাতের ওপর নির্ভরশীল। দুধ, মাংস ও ডিমের উৎপাদন বিগত তিন বছরের ব্যবধানে বৃদ্ধি পেয়েছে যথাক্রমে ৭৬%, ৯৩% ও ৩৯% । বর্তমানে দুধ, মাংস ও ডিমের জন প্রতি প্রাপ্যতা বেড়ে যথাক্রমে ১২২.০০ মি.লি/দিন, ১০২.৬২ গ্রাম/দিন ও ৭০.২৬ টি/বছর এ উন্নীত হয়েছে। তাছাড়া অতি সম্প্রতি বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক উদ্ভাবিত শুভ্রা জাতটি দেশের পোল্ট্রি শিল্পের বিকাশে উল্লেখযোগ্য ভুমিকা রাখবে।

**সেক্টর-সংশ্লিষ্ট সমস্যা ও চ্যালেঞ্জ**

গবাদিপশুর গুণগত মানসম্পন্ন খাদ্যের অপ্রতুলতা, সুষ্ঠু সংরক্ষণ ও বিপণন ব্যবস্থার অভাব, রোগের প্রাদুর্ভাব, প্রযুক্তিগত জ্ঞানের অভাব, সচেতনতার অভাব, প্রণোদনামূলক উদ্যোগের অভাব, উৎপাদন সামগ্রীর উচ্চ মূল্য, জলবায়ু পরিবর্তনের প্রভাব ইত্যাদি প্রাণিসম্পদ উন্নয়নে অন্যতম চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনা**

ভিশন ২০২১ অনুযায়ী জনপ্রতি দুধ, মাংস ও ডিমের চাহিদা যথাক্রমে ১৫০ মিলি/দিন, ১১০ গ্রাম/দিন ও ১০৪টি/বছর পুরণের লক্ষ্যে প্রাণিসম্পদ অধিদপ্তর বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছে। ২০২০-২১ সালের মধ্যে ইপ্সিত উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে দুধ, মাংস ও ডিম উৎপাদন যথাক্রমে ৯২.৯৭ লক্ষ মেট্রিক টন, ৬৮.১৮ লক্ষ মেট্রিক টন এবং ১৭৬৬ কোটিতে উন্নীত করা। দুগ্ধ ও মাংসল জাতের গবু উৎপাদন বৃদ্ধির জন্য কৃত্রিম প্রজনন কার্যক্রম সম্প্রসারণের মাধ্যমে গবু-মহিষের জাত উন্নয়ন ও রোগ নিয়ন্ত্রণ। পশু খাদ্যের সরবরাহ বাড়াতে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ, টিএমআর এর প্রচলন ও পশু খাদ্যের মান নিয়ন্ত্রণ গবেষণাগার স্থাপন ইত্যাদি কার্যক্রম গ্রহণ। প্রাণিসম্পদের টেকসই উৎপাদন নিশ্চিত করার পাশাপাশি প্রাণিজ আমিষের নিরাপত্তা বিধান, আপামর জনগোষ্ঠীর পুষ্টির চাহিদাপূরণ, রপ্তানি আয় বৃদ্ধি ও অভিষ্ঠ জনগোষ্ঠীর অংশ গ্রহণের মাধ্যমে কাংক্ষিত আর্থসামাজিক উন্নয়ন নিশ্চিত করা।

**২০১৫- ১৬ অর্থ বছরে সম্ভাব্য অর্জনঃ**

- গবাদিপশুর জাত উন্নয়নে দেশব্যাপি প্রায় ৩৩.২৫ লক্ষ গাভী কে কৃত্রিম প্রজনন করা;
- উন্নত প্রযুক্তিতে গবাদিপশু পালনে প্রায় ১১.৬০ লক্ষ খামারীকে প্রশিক্ষণ প্রদান;
- রোগ প্রতিরোধে প্রায় ২১.৫৮ কোটি টিকা উৎপাদন এবং ২০.০০ কোটি গবাদিপশুকে টিকা প্রদান;
- খাদ্যের গুনগত মান নিয়ন্ত্রণে প্রায় ২৮০০ পশুখাদ্য নমুনা পরীক্ষাকরণ;
- গবাদিপশু ও হাঁসমুরগির উৎপাদন বৃদ্ধি ও উন্নয়নে ৪টি প্রযুক্তি উদ্ভাবন।

# উপক্রমণিকা (Preamble)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন প্রাণিসম্পদ অধিদপ্তরের দায়িত্বে নিয়োজিত মহাপরিচালক

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসেবে সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়-এর মধ্যে ২০১৫ সালের অক্টোবর মাসের ১৪ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ

# সেকশন ১

প্রাণিসম্পদ অধিদপ্তরের রূপকল্প (**Vision),** অভিলক্ষ্য (**Mission),** কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ **রূপকল্প (Vision)** :

সকলের জন্য নিরাপদ, পর্যাপ্ত ও মানসম্মত প্রাণিজ আমিষ নিশ্চিতকরণ।

### **১.২ অভিলক্ষ্য (Mission) :**

প্রাণিজ পণ্যের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি এবং মূল্য সংযোজনের মাধ্যমে প্রাণিজ আমিষের চাহিদাপুরণ।

### **১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):**

**১.৩.১** অধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. গবাদিপশু ও হাঁস-মুরগির উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি ।

২. মানবসম্পদ উন্নয়ন ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি।

৩. গবাদিপশুর রোগ প্রতিরোধ এবং নিয়ন্ত্রণ।

৪. প্রাণিজাত পণ্য রপ্তানি বৃদ্ধিতে সহায়তা।

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দক্ষতার সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন।

২. উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন।

৩. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন।

৪. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন।

৫. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন।

### **১.৪ কার্যাবলি (Functions):**

১. প্রাণিসম্পদ সংক্রান্ত আইন, বিধিমালা ও নীতিমালা প্রণয়ন, হালনাগাদ করা এবং আইনগত কাঠামো সুদৃঢ়করণ ।

২. মাংস, দুধ ও ডিমের উৎপাদন বৃদ্ধি করা ।

৩. গবাদিপশু ও হাঁস-মুরগির কৃত্রিম প্রজনন সম্প্রসারণ ।

৪. গবাদিপশু ও হাঁস-মুরগির পুষ্টি উন্নয়ন ।

৫. গবাদিপশু ও হাঁস-মুরগির কৌলিতাত্বিক গুণাগুণ সংরক্ষণ ও জাত উন্নয়ন ।

৬.গবাদিপশু ও হাঁস-মুরগির রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ ।

৭. গবাদিপশু থেকে উৎপাদিত পণ্যের গুণগতমান নিশ্চিতকরণ এবং রপ্তানিতে সহায়তা ।

৮. প্রাণিসম্পদ উন্নয়নে সুষ্ঠু ব্যবস্থাপনা, গবেষণা কার্যক্রম ও মানবসম্পদ উন্নয়ন।

# সেকশন ২

প্রাণিসম্পদ অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| **চূড়ান্ত ফলাফল /**প্রভাব | **চূড়ান্ত ফলাফল সূচক** | **একক** | **ভিত্তি বছর ২০১৩-১৪** | **প্রকৃত অর্জন * ২০১৪-১৫** | **লক্ষ্যমাত্রা ২০১৫-১৬** | **প্রক্ষেপন ২০১৬-১৭** | **প্রক্ষেপন ২০১৭-১৮** | **নির্ধারিত লক্ষমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থাসমূহের নাম** | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| দুধ উৎপাদন বৃদ্ধি | জনপ্রতি দুধের প্রাপ্যতা | ওজন (মিলি/দিন) | ১০৮.৬৬ | ১২২.০০ | ১২৬.২৪ | ১৩১.৩১ | ১৩৬.২১ | মিল্কভিটা, উন্নয়ন সহযোগী সংস্থা | প্রাণিসম্পদ অধিদপ্তরের এর বার্ষিক প্রতিবেদন, বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা |
| মাংস উৎপাদন বৃদ্ধি | জনপ্রতি মাংসের প্রাপ্যতা | ওজন (গ্রাম/দিন) | ৮০.৬৪ | ১০২.৬২ | ১০৩.৬২ | ১০৫.০০ | ১০৬.৩৩ | উন্নয়ন সহযোগী সংস্থা | প্রাণিসম্পদ অধিদপ্তরের এর বার্ষিক প্রতিবেদন, বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা |
| ডিম উৎপাদন বৃদ্ধি | জনপ্রতি ডিমের প্রাপ্যতা | সংখ্যা/বছর | ৬৬.২০ | ৭০.২৬ | ৭৬.২৩ | ৮২.১৩ | ৮৭.৮৫ | উন্নয়ন সহযোগী সংস্থা | প্রাণিসম্পদ অধিদপ্তরের এর বার্ষিক প্রতিবেদন, বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা |
| প্রাণিসম্পদ পণ্যের রপ্তানি আয় | রপ্তানি আয় | মূল্যমান (কোটি টাকা) | ৯০৬০.৬৯ | ৪৩১৭.৮৬ | ৪৪০৪.২২ | ৪৪৯২.৩০ | ৪৫৮২.১৫ | বাণিজ্য মন্ত্রণালয়, রপ্তানি উন্নয়ন ব্যুরো, উন্নয়ন সহযোগী সংস্থা | রপ্তানি উন্নয়ন ব্যুরো ও বাংলাদেশ ব্যাংক এর প্রতিবেদন। |

*সাময়িক

# সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

ক) প্রাণিসম্পদঅধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্যসমূহ:

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-১৭ | প্রক্ষেপন ২০১৭-১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১. গবাদিপশু ও হাঁস-মুরগির উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি | ৪২.০০ | ১.১ সিমেন উৎপাদন বৃদ্ধি করা | উৎপাদিত সিমেন | মাত্রা (লক্ষ) | ৫.০০ | ৩৮.২৪ | ৩৭.১৯ | ৩৮.২৫ | ৩৭.৯৮ | ৩৭.৭১ | ৩৭.৪৪ | ৩৭.১৯ | ৩৯.২৭ | ৪০.০৫ |
| | | ১.২ কৃত্রিম প্রজনন সম্প্রসারণ | প্রজননকৃত গাভীর সংখ্যা | সংখ্যা (লক্ষ) | ৬.০০ | ২৯.৭৪ | ৩২.৫০ | ৩৩.২৫ | ৩৩.০৬ | ৩২.৮৭ | ৩২.৬৮ | ৩২.৫০ | ৩৪.১৭ | ৩৪.৮৫ |
| | | ১.৩ প্রাকৃতিক ছাগী প্রজনন করা | প্রজনন কৃত ছাগীর সংখ্যা | সংখ্যা | ৪০০ | ১৯৫৭ | ১৯৬০ | ২০০০ | ১৯৯০ | ১৯৮০ | ১৯৭০ | ১৯৬০ | ২০৪০ | ২০৮০ |
| | | ১.৪ গাভীর বাছুর উৎপাদন বৃদ্ধি করা | উৎপাদিত বাছুরের সংখ্যা | সংখ্যা | ৩.০০ | ৫৩২ | ৫৫৭ | ৫৭৫ | ৫৭০ | ৫৬৫ | ৫৬০ | ৫৫৭ | ৫৮৫ | ৫৯৫ |
| | | ১.৫ সংকর জাতের বাছুর উৎপাদন | উৎপাদিত সংকর জাতের বাছুর | সংখ্যা (লক্ষ) | ৪.০০ | ৯.৫২ | ১০.৬৭ | ১০.৮০ | ১০.৭৭ | ১০.৭৪ | ১০.৭১ | ১০.৬৭ | ১১.২৭ | ১১.৪৯ |
| | | ১.৬ ছাগলের বাচ্চার উৎপাদন বৃদ্ধি | উৎপাদিত বাচ্চা | সংখ্যা | ৪.০০ | ৯৬১ | ২৩২০ | ১৬০০ | ১৪৪০ | ১২৮০ | ১১২০ | ৯৬১ | ১৬৩২ | ১৬৬৪ |
| | | ১.৭ একদিনের মুরগির বাচ্চা উৎপাদন। | উৎপাদিত বাচ্চা | সংখ্যা (লক্ষ) | ৫.০০ | ১৪.৯৭ | ২২.১৬ | ২৩.২৭ | ২২.৯৯ | ২২.৭১ | ২২.৪৩ | ২২.১৬ | ২৩.৭৪ | ২৪.২১ |
| | | ১.৮ পশু খাদ্য নমুনা পরীক্ষাকরণ | পরিক্ষীত নমুণা | সংখ্যা | ৫.০০ | ১৫৯১ | ২৭৬১ | ২৮০০ | ২৭৯০ | ২৭৮০ | ২৭৭০ | ২৭৬১ | ২৮৫৬ | ২৯১৩ |
| | | ১.৯ নতুন প্রযুক্তি উদ্ভাবনের লক্ষ্যে গবেষণা পরিচালনা | উদ্ভাবিত প্রযুক্তি | সংখ্যা | ৬.০০ | ১ | ৩ | ৪ | ৪ | ৪ | ৩ | ৩ | ৫ | ৫ |
| ২. মানবসম্পদ উন্নয়ন ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি | ২০.০০ | ২.১ খামারী প্রশিক্ষণ বৃদ্ধি করা | প্রশিক্ষিত খামারী | সংখ্যা (লক্ষ) | ৬.০০ | ১০.১৫ | ১১.০৫ | ১১.৬০ | ১১.৪৬ | ১১.৩২ | ১১.১৮ | ১১.০৫ | ১১.৮৩ | ১২.০৭ |
| | | ২.২ খামার স্থাপন বৃদ্ধি করা (গবাদিপশু) | স্থাপিত খামার | সংখ্যা | ৩.৫০ | ২১০০০ | ২৬২১৬ | ২৬৩০০ | ২৬২৭৯ | ২৬২৫৮ | ২৬২৩৭ | ২৬২১৬ | ২৬৪০০ | ২৬৫০০ |
| | | ২.৩ খামার স্থাপন বৃদ্ধি করা (পোল্ট্রি) | স্থাপিত খামার | সংখ্যা | ৩.৫০ | ১৮৩৬৯ | ৩৮৫১৩ | ৩৮৬০০ | ৩৮৫৭৮ | ৩৮৫৫৬ | ৩৮৫৩৪ | ৩৮৫১৩ | ৩৮৬৫০ | ৩৮৭০০ |
| | | ২.৪ ঘাসের নার্সারী স্থাপন | স্থাপিত নার্সারী | একর | ৪.০০ | ৫২৫.৬৭ | ৬৭৭.৭৬ | ৬৮০.০০ | ৬৭৯.৪৪ | ৬৭৮.৮৮ | ৬৭৮.৩২ | ৬৭৭.৭৬ | ৬৯০.০০ | ৭০০.০০ |
| | | ২.৫ বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপন | স্থাপিত বায়োগ্যাস প্ল্যান্ট | সংখ্যা | ৩.০০ | ১৪২৪ | ২১৮০ | ২২০০ | ২১৯৫ | ২১৯০ | ২১৮৫ | ২১৮০ | ২২৪৪ | ২২৮৮ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-১৭ | প্রক্ষেপন ২০১৭-১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ৩. গবাদিপশুর রোগ প্রতিরোধ এবং নিয়ন্ত্রণ | ২০.০০ | ৩.১ টিকা উৎপাদন ত্বরান্বিত করা | উৎপাদিত টিকা | মাত্রা (কোটি) | ৪.০০ | ২০.৫৬ | ১৯.১৫ | ২১.৫৮ | ২১.৩৩ | ২১.০৭ | ২০.৮২ | ২০.৫৬ | ২২.০২ | ২২.৪৬ |
| | | ৩.২ টিকাদান সম্প্রসারণ | টিকা প্রয়োগকৃত পশুরসংখ্যা | সংখ্যা (কোটি) | ৬.০০ | ১৭.৭১ | ১৯.৯২ | ২০.০০ | ১৯.৯৮ | ১৯.৯৬ | ১৯.৯৪ | ১৯.৯২ | ২০.৪০ | ২০.৬০ |
| | | ৩.৩ রোগ নির্ণয় ত্বরান্বিত করা | পরিক্ষীত নমুণা | সংখ্যা | ৪.০০ | ৪৫০৭৩ | ৫৫৭৩০ | ৫৭৫২৬ | ৫৭০৭৭ | ৫৬৬২৮ | ৫৬১৭৯ | ৫৫৭৩০ | ৫৮৬৭৬ | ৫৯৮৪৯ |
| | | ৩.৪ পশুর চিকিৎসা ত্বরান্বিত করা | চিকিৎসাকৃত পশুরসংখ্যা | সংখ্যা (কোটি) | ৬.০০ | ৬.১৮ | ৭.৭৫ | ৭.৮০ | ৭.৭৯ | ৭.৭৮ | ৭.৭৭ | ৭.৭৫ | ৭.৯৫ | ৮.১১ |
| ৪. প্রাণিজাত পণ্য রপ্তানি বৃদ্ধিতে সহায়তা | ৩.০০ | ৪.১ খামার/ফিডমিল/ হ্যাচারি পরিদর্শন | পরিদর্শনকৃত খামার/ ফিডমিল/ হ্যাচারি | সংখ্যা | ৩.০০ | ৩০৪৪৪ | ৩১০৬৬ | ৩১৭০০ | ৩১৫৪২ | ৩১৩৮৪ | ৩১২২৬ | ৩১০৬৬ | ৩২৩৩৪ | ৩২৯৮০ |

*সাময়িক

## খ) আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান- ২০১৫-১৬ (Target Value-2015-16) | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৩ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | নির্ধারিত সময়সীমার মধ্যে চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১ | ১৫ অক্টোবর | ১৯ অক্টোবর | ২২ অক্টোবর | ২৬ অক্টোবর | ২৯ অক্টোবর |
| | | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | দাখিলকৃত অর্ধবার্ষিক ও ত্রৈমাসিক প্রতিবেদন | সংখ্যা | ১ | ৫ | ৪ | ৩ | - | - |
| | | মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন সম্পর্কিত সমঝোতা স্মারক স্বাক্ষর | সমঝোতা স্মারক স্বাক্ষর সংক্রান্ত পরিপত্র জারিকৃত | তারিখ | ১ | ২৮ এপ্রিল ২০১৬ | ৫ মে ২০১৬ | ১২ মে ২০১৬ | ১৯ মে ২০১৬ | ২৬ মে ২০১৬ |
| দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণের সময় | জনঘন্টা | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | দপ্তর/সংস্থার নৈতিকতা কমিটি গঠিত | তারিখ | ১ | ২৯ অক্টোবর | ০৮ নভেম্বর | ১৫ নভেম্বর | ২২ নভেম্বর | ২৯ নভেম্বর |
| | | | দপ্তর/সংস্থার শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রণীত | তারিখ | ১ | ১ ডিসেম্বর | ০৭ ডিসেম্বর | ১৪ ডিসেম্বর | ২১ ডিসেম্বর | ২৮ ডিসেম্বর |
| তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | ২ | তথ্য প্রকাশ নির্দেশিকা বাস্তবায়ন | মন্ত্রণালয়ের তথ্য প্রকাশ নির্দেশিকা অনুসারে তথ্য প্রকাশিত | % | ১ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | আওতাধীন দপ্তর/সংস্থার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ | দপ্তর/সংস্থার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও যোগাযোগের ঠিকানার সঙ্কলন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫ | ১৫ অক্টোবর | ২৯ অক্টোবর | ১৫ নভেম্বর | ৩০ নভেম্বর | ১৫ ডিসেম্বর |
| | | দপ্তর/সংস্থার বার্ষিক প্রতিবেদন প্রণয়ন | দপ্তর/সংস্থার বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫ | ০১ নভেম্বর | ০৮ নভেম্বর | ১৫ নভেম্বর | ২২ নভেম্বর | ২৯ নভেম্বর |
| উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন | ৫ | পরিবর্তিত ফরম্যাটে মন্ত্রণালয়/বিভাগ এবং মাঠ পর্যায়ের দপ্তরসমূহের সিটিজেনস চার্টার প্রণয়ন | পরিবর্তিত ফরম্যাটে দপ্তর/সংস্থার সিটিজেনস চার্টার ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ০১ নভেম্বর | ০৮ নভেম্বর | ১৫ নভেম্বর | ২২ নভেম্বর | ২৯ নভেম্বর |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | দপ্তর/সংস্থার অভিযোগ প্রতিকার ফোকাল পয়েন্ট নিয়োগকৃত | তারিখ | ১ | ০১ নভেম্বর | ০৮ নভেম্বর | ১৫ নভেম্বর | ২২ নভেম্বর | ২৯ নভেম্বর |
| | | | নাগরিকের নিকট হতে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তিকৃত | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ |
| | | সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | দপ্তর/সংস্থার কমপক্ষে একটি করে অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১ | ১ জুন ২০১৬ | ৮ জুন ২০১৬ | ১৫ জুন ২০১৬ | ২২ জুন ২০১৬ | ২৯ জুন ২০১৬ |
| | | | দপ্তর/সংস্থার কমপক্ষে একটি করে সেবাপ্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১ | ১ জুন ২০১৬ | ৮ জুন ২০১৬ | ১৫ জুন ২০১৬ | ২২ জুন ২০১৬ | ২৯ জুন ২০১৬ |
| আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ২ | বাজেট বাস্তবায়ন কমিটির কর্মপরিধি যথাযথভাবে অনুসরণ | বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (Budget Implementation Plan) প্রণীত ও দাখিলকৃত ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন | সংখ্যা | ১ | ৫ | ৪ | ৩ | ২ | ১ |
| | | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |

আমি মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসেবে প্রাণিসম্পদ অধিদপ্তরের মহা পরিচালকের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সংশ্লিষ্ট অধিদপ্তরকে সর্বাত্মক সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

১৪/১০/১৫

মহা পরিচালক
প্রাণিসম্পদ অধিদপ্তর

১৪/১০/২০১৫ খ্রি:
তারিখ

১৪/১০/১৫

সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

১৪/১০/১৫
তারিখ



১০

**সংযোজনী-১** শব্দ সংক্ষেপ

| ক্রমিক নং | আদ্যক্ষরসমূহ | বর্ণনা |
|---|---|---|
| ১. | এআই | কৃত্রিম প্রজনন (Artificial Insemination) |
| ২. | বিএলআরআই | বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান<br>(Bangladesh Livestock Research Institute) |
| ৩. | বিবিএস | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো<br>(Bangladesh Bureau of Statistics) |
| ৪. | ডিএলএস | প্রাণিসম্পদ অধিদপ্তর<br>(Department of Livestock Services) |
| ৫. | ইপিবি | এক্সপোর্ট প্রমোশন ব্যুরো<br>(Export Promotion Bureau) |
| ৬. | এফএও | খাদ্য ও কৃষি সংস্থা<br>(Food and Agriculture Organization) |
| ৭. | জিডিপি | মোট দেশজ উৎপাদন<br>(Gross Domestic Product) |
| ৮. | এলজিইডি | স্থানীয় সরকার ও প্রকৌশল বিভাগ<br>(Local Government and Engineering Department) |
| ৯. | এমওএফএল | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রনালয়<br>(Ministry of Fisheries and Livestock) |
| ১০. | এনজিও | বেসরকারি সংস্থা<br>(Non Government Organization) |
| ১১. | টিএমআর | টোটাল মিক্সড রেশন<br>(Total Mixed Ration) |
| ১২. | ভিএফএ | ভেটেরিনারি ফিল্ড এ্যাসিসটেন্ট<br>(Veterinary Field Assistant) |

**সংযোজনী- ২:** কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপণ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্ম সম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১.১ সিমেন উৎপাদন বৃদ্ধি করা | উৎপাদিত সিমেন | অধিক দুগ্ধ উৎপাদন বৈশিষ্ট্য সম্বলিত সুপিরিয়র ষাঁড় হতে সিমেন উৎপাদিত হয়। দুধ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে এই সিমেন দ্বারা গাভী/বকনাকে কৃত্রিম প্রজনন করানো হয়। সিমেন স্ট্র কেন্দ্রীয় গো-প্রজনন কেন্দ্র থেকে জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র হয়ে বিভিন্ন উপকেন্দ্র এবং পয়েন্টসমূহে উপ-পরিচালক (এ/আই) -এর তত্ত্বাবধানে সরবরাহ এবং গাভী/বকনাকে কৃত্রিম প্রজনন করানো হয়ে থাকে। | ডি.এল.এস | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | উন্নয়ন প্রকল্প প্রয়োজন |
| ১.২ কৃত্রিম প্রজনন সম্প্রসারণ | প্রজননকৃত গাভীর সংখ্যা | গবাদিপশুর জাত উন্নয়ণে কৃত্রিম প্রজনন একটি পদ্ধতি যার মাধ্যমে গাভীকে নির্দিষ্ট সময়ে কৃত্রিম উপায়ে প্রজনন করা হয়। এটি গবাদিপশুর জাত উন্নয়ন তথা দুধ এবং মাংস উৎপাদন বৃদ্ধির জন্য আবশ্যক। সকল জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, উপকেন্দ্র এবং পয়েন্টসমূহে অভিজ্ঞতা সম্পন্ন মাঠকর্মী/কৃত্রিম প্রজনন কর্মীর মাধ্যমে মাঠ পর্যায়ে কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। | ডি.এল.এস | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | উন্নয়ন প্রকল্প প্রয়োজন |
| ১.৩ প্রাকৃতিক ছাগী প্রজনন করা | প্রজননকৃত ছাগীর সংখ্যা | নির্দিষ্ট সময়ে প্রাকৃতিক উপায়ে উন্নত জাতের প্রজননক্ষম পাঁঠা দ্বারা ছাগীকে প্রজনন করানো হয়। দেশব্যাপী ২২ টি জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্রের মাধ্যমে এ কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। | ডি.এল.এস | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | দেশীয় এই জাত সংরক্ষণ করা প্রয়োজন |
| ১.৪ গাভীর বাছুর উৎপাদন বৃদ্ধি করা | উৎপাদিত বাছুরের সংখ্যা | সরকারি ০৮ টি গো-প্রজনন ও দুগ্ধ খামারে নিয়মিত কার্যক্রমের অংশ হিসেবে বাছুর উৎপাদন, পালন এবং পরবর্তীতে প্রজননের উদ্দেশ্যে ব্যবহৃত হয়। | ডি.এল.এস | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | উন্নয়ন প্রকল্প প্রয়োজন |
| ১.৫ সংকর জাতের বাছুর উৎপাদন | উৎপাদিত সংকর জাতের বাছুর | দেশব্যাপী ২২ টি জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্রের মাধ্যমে পরিচালিত এ.আই কার্যক্রমের ফলাফল হিসেবে উৎপাদিত সংকর জাতের বাছুর খামারী ও পারিবারিক পর্যায়ে পালন করা হয়ে থাকে যা দুধ ও মাংস উৎপাদনে ব্যাপক ভূমিকা রাখছে। | ডি.এল.এস এবংবেসরকারি উদ্যোক্তা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | বাছুর মৃত্যু প্রতিরোধের জন্য কর্মসূচী/ উন্নয়ন প্রকল্প প্রয়োজন |
| ১.৬ ছাগলের বাচ্চার উৎপাদন বৃদ্ধি | উৎপাদিত বাচ্চা | সরকারি ০৫ টি গো-প্রজনন ও দুগ্ধ খামারে নিয়মিত কার্যক্রমের অংশ হিসেবে বাছুর উৎপাদন, পালন এবং পরবর্তীতে ব্ল্যাক বেঙ্গল জাতের ছাগলের প্রজননের উদ্দেশ্যে ব্যবহৃত হয়। | ডি.এল.এস | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | দেশীয় এই জাত সংরক্ষণ করা প্রয়োজন |
| ১.৭ একদিনের মুরগির বাচ্চা উৎপাদন। | উৎপাদিত মুরগির বাচ্চা | সরকারি হাঁস-মুরগি খামারে উৎপাদিত একদিনের মুরগির বাচ্চা পোল্ট্রি খামার সম্প্রসারন এবং দেশীয় মুরগির উন্নয়নে সরবরাহ করা হয়ে থাকে। | ডি.এল.এস এবং বেসরকারি উদ্যোক্তা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | আধুনিক প্রযুক্তি প্রয়োজন |
| ১.৮ পশু খাদ্য নমুনা পরীক্ষাকরণ | পরিক্ষীত নমুনা | পশুখাদ্যের গুণগত মান সমুন্নত রাখার লক্ষ্যে প্রাণী পুষ্টি গবেষণাগার, প্রাণিসম্পদ অধিদপ্তর এবং জেলা প্রাণী পুষ্টি মিনি গবেষণাগারে পশুখাদ্যের নমুনা পরীক্ষা এবং বিশ্লেষণ করা হয়। | ডি.এল.এস, বি.এল.আর.আই এবং বেসরকারি উদ্যোক্তা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | কেন্দ্রীয় ও মাঠ পর্যায়ে গবেষণাগার প্রয়োজন |
| ১.৯ নতুন প্রযুক্তি উদ্ভাবন | উদ্ভাবিত প্রযুক্তি | গবাদিপশু ও পাখির উন্নয়নে বি.এল.আর.আই নতুন প্রযুক্তির উদ্ভাবন করে থাকে। এসকল প্রযুক্তি প্রাণিসম্পদ অধিদপ্তরের মাধ্যমে মাঠ পর্যায়ে সম্প্রসারণ করা হয়। | বি.এল.আর.আই এবং ডি.এল.এস | বি.এল.আর.আই এর বার্ষিক প্রতিবেদন | - |

| কার্যক্রম | কর্ম সম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ২.১ খামারী প্রশিক্ষণ বৃদ্ধি করা | প্রশিক্ষিত খামারী | মাঠ পর্যায়ের খামারীদের গবাদিপশু ও পাখি পালনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক খামার ব্যবস্থাপনা, রোগ নিয়ন্ত্রণ ও আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। | ডি.এল.এস, এনজিও এবং বেসরকারি উদ্যোক্তা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | উন্নয়ন প্রকল্প প্রয়োজন |
| ২.২ খামার স্থাপন বৃদ্ধি করা (গবাদিপশু) | স্থাপিত খামার | ডিএলএস ক্ষুদ্র এবং মাঝারী গরুর খামার প্রতিষ্ঠায় কারিগরী ও প্রযুক্তিগত সহায়তা প্রদান করে থাকে। | ডি.এল.এস এবং বেসরকারি উদ্যোক্তা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | আধুনিক প্রযুক্তি প্রয়োজন |
| ২.৩ খামার স্থাপন বৃদ্ধি করা (পোল্ট্রি) | স্থাপিত খামার | ডিএলএস ক্ষুদ্র এবং মাঝারী পোল্ট্রি খামার প্রতিষ্ঠায় কারিগরী ও প্রযুক্তিগত সহায়তা প্রদান করে থাকে। | ডি.এল.এস এবং বেসরকারি উদ্যোক্তা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | - |
| ২.৪ ঘাসের নার্সারী স্থাপন | স্থাপিত নার্সারী | ফডার এক প্রকারের সবুজ ঘাস যা গবাদিপশুর প্রয়োজনীয় পুষ্টি সরবরাহ করে। নেপিয়ার, পারা, জার্মান উন্নত জাতের ঘাস। প্রাণিসম্পদ অধিদপ্তরের অধীনে সরকারি দুগ্ধ খামার, বিভিন্ন জেলা এবং উপজেলা দপ্তরে ঘাসের নার্সারী ও প্রদর্শনী প্লট স্থাপন করা হয়ে থাকে। | ডি.এল.এস, এনজিও এবং বেসরকারি উদ্যোক্তা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | প্রক্রিয়াজাত প্রযুক্তির আধুনিকায়ন প্রয়োজন |
| ২.৫ বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপন | স্থাপিত বায়োগ্যাস প্ল্যান্ট | এটি একটি আধুনিক প্রযুক্তি যার মাধ্যমে পশু বর্জ্য (গোবর ও পোল্ট্রি লিটার) রিসাইক্লিং প্রক্রিয়ায় শক্তি উৎপাদিত হয় এবং পরিবেশ দূষণ থেকে রক্ষা পাওয়া যায়। প্রাণিসম্পদ অধিদপ্তর খামারী পর্যায়ে বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপনে কারিগরী ও প্রযুক্তিগত সহায়তা প্রদান করে থাকে। | ডি.এল.এস, এল.জি.ই.ডি এবং এনজিও | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | - |
| ৩.১ টিকা উৎপাদন তরান্বিত করা | উৎপাদিত টীকা | উৎপাদিত টীকা গবাদিপশু ও পাখির বিভিন্ন মারাত্মক রোগের প্রতিষেধক হিসেবে ব্যবহৃত হয়। প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান, প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক ১৭ প্রকারের টীকা উৎপাদন ও মাঠ পর্যায়ে সম্প্রসারণ করা হয়। | ডি.এল.এস | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | নিয়মিত কার্যক্রম |
| ৩.২ টিকাদান সম্প্রসারণ | টীকা প্রয়োগকৃত গবাদিপশু | গবাদিপশু ও পাখির রোগ-প্রতিরোধ ক্ষমতা সৃষ্টির লক্ষ্যে টীকা প্রদান করা হয়ে থাকে। ভিএফএ এবং অন্যান্য মাঠ কর্মী মাঠ পর্যায়ে টীকা প্রদান করে থাকে। | ডি.এল.এস, এনজিও ও বেসরকারি উদ্যোক্তা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | উন্নয়ন প্রকল্প প্রয়োজন |
| ৩.৩ রোগ নির্ণয় তরান্বিত করা | পরিক্ষীত নমুনা | প্রাণিসম্পদ অধিদপ্তর ১ টি কেন্দ্রীয় রোগ অনুসন্ধান গবেষণাগার এবং ৭ টি মাঠ পর্যায়ে রোগ অনুসন্ধান গবেষণাগারের মাধ্যমে ল্যাবরেটরী টেকনিশিয়ান এর সহায়তায় রোগ নির্ণয়ের লক্ষ্যে নমুনা পরীক্ষা করে থাকে। | ডি.এল.এস এবং এম.ও.এফ.এল | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | নিয়মিত কার্যক্রম |
| ৩.৪ পশুর চিকিৎসা তরান্বিত করা | চিকিৎসাকৃত গবাদিপশু ও পাখি | দেশের প্রতিটি উপজেলা, জেলা প্রাণী হাসপাতাল এবং কেন্দ্রীয় প্রাণী হাসপাতালে রেজিষ্টার্ড ভেটেরিনারিয়ান কর্তৃক অসুস্থ/রোগাক্রান্ত গবাদিপশু ও পাখির চিকিৎসা সেবা প্রদান করা হয়ে থাকে। | ডি.এল.এস এবং এম.ও.এফ.এল | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | মোবাইল ভেটেরিনারি সেবা প্রয়োজন |
| ৪.১ খামার/ফিডমিল/ হ্যাচারি পরিদর্শন | পরিদর্শনকৃতখামার/ ফিড মিল/ হ্যাচারি | বিভিন্ন খামার, ফিড মিল এবং হ্যাচারিসমূহের রেজিস্ট্রেশন, লাইসেন্স নবায়ন, প্রাণিসম্পদ সংশ্লিষ্ট বিভিন্ন আইন ও বিধিমালার সফল বাস্তবায়ন, খামারের সার্বিক গুণগত মান রক্ষা এবং প্রাণিজজাত নিরাপদ খাদ্য নিশ্চিত করার স্বার্থে প্রাণিসম্পদ অধিদপ্তরের বিভিন্ন পর্যায়র কর্মকর্তাগন নিয়মিত পরিদর্শন করে থাকেন। | ডি.এল.এস এবং এম.ও.এফ.এল | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | নিয়মিত কার্যক্রম |